# দুই দশক পর নির্বাচনী কর্মসূচিতে চট্টগ্রাম যাচ্ছেন তারেক রহমান



সংগৃহীত ছবি

প্রায় বিশ বছর পর জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে প্রচারণার অংশ হিসেবে আজ রাতে চট্টগ্রাম সফরে যাচ্ছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান।

শনিবার (২৪ জানুয়ারি) গুলশানে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান দলটির নির্বাচন পরিচালনা কমিটির মুখপাত্র মাহদী আমিন।

তিনি জানান, সন্ধ্যা ৭টা ৩৫ মিনিটে বিমানযোগে চট্টগ্রামের উদ্দেশে রওনা হবেন তারেক রহমান। পরদিন সেখানে যুবনীতি বিষয়ক এক সংলাপে অংশ নেওয়ার কথা রয়েছে তার। একই আয়োজনে রিলস নির্মাণ প্রতিযোগিতায় বিজয়ীদের সঙ্গে উপস্থিত থাকবেন ব্যারিস্টার জাইমা রহমান।

মাহদী আমিন বলেন, সিলেট সফরে দলীয় প্রতীকের পক্ষে যে জনসমর্থন তৈরি হয়েছে, সে জন্য সংশ্লিষ্ট নেতাকর্মীদের ধন্যবাদ জানিয়েছেন তারেক রহমান। তিনি আরও বলেন, বিএনপি ক্ষমতায় এলে রাষ্ট্রীয় উদ্যোগে ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ড চালুর পরিকল্পনা রয়েছে। ভারতের সঙ্গে কোনো গোপন সমঝোতা রয়েছে এমন অভিযোগকে তিনি অপপ্রচার হিসেবে উল্লেখ করেন।

তিনি স্মরণ করিয়ে দেন, ২০০৫ সালে সর্বশেষ চট্টগ্রাম সফর করেছিলেন তারেক রহমান। তখন তিনি বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব হিসেবে সিটি করপোরেশন নির্বাচনে দলীয় প্রার্থীর পক্ষে জনসভায় বক্তব্য দিয়েছিলেন।